# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১২৯

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَنْ عَائِشَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَ رَجُلًا عَلَى سَرِيَّةٍ وَكَانَ يَقْرَأُ لِأَصْحَابه فِي صلَاتهم فيختم ب (قل هُوَ اللَّهُ أَحَدٌ)
فَلَمَّا رَجَعُوا ذَكَرُوا ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «سَلُوهُ لِأَيِّ شَيْءٍ يَصْنَعُ ذَلِكَ» فَسَأَلُوهُ فَقَالَ لِأَنَّهَا صفة الرَّحْمَن وَأَنا أحب أَن أَقرَأ بِهَا فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَخْبِرُوهُ أَن الله يُحِبهُ»

বাংলা

২১২৯-[২১] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে একটি সেনাদলের সেনাপতি করে পাঠালেন। সে তার সঙ্গীদের সালাত আদায় করাত এবং ’কুল হুওয়াল্ল-হু আহাদ’ দিয়ে সালাত শেষ করত। তারা মদীনায় ফেরার পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এ কথা উল্লেখ করেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তাকে জিজ্ঞেস করো কি কারণে সে তা করে। সে বলল, এর কারণ এতে আল্লাহর গুণাবলীর উল্লেখ রয়েছে। আর আমি আল্লাহর গুণাবলী পড়তে ভালবাসি। তার উত্তর শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে জানিয়ে দাও, আল্লাহ তা’আলাও তাকে ভালবাসেন। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭৩৭৫, মুসলিম ৮১৩, ইবনু হিববান ৭৯৩, সহীহ আত্ তারগীব ১৪৮৩, নাসায়ী ৯৯৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এই সেনাপতির নাম কি ছিল তা নিয়ে বিভিন্ন বক্তব্য রয়েছে। কেউ বলেছেন, তার নাম ছিল কুলসুম ইবনু

হাদাম। কেউ বলেছেন, কর্য ইবনু যাহদ আল আনসারী, তবে এগুলো কোনটিই নির্ভরযোগ্য কথা নয়।

তিনি সূরা আল ফাতিহার পর অন্য একটি সূরা অথবা কুরআনের অন্য কোন আয়াত তিলাওয়াত করে নিয়ে সর্বশেষ সূরা ইখলাস পাঠ করতেন। এর দ্বারা প্রমাণিত, এক রাক্‌'আতের মধ্যে সূরা আল ফাতিহাহ্‌ ছাড়াও দু'টি সূরা পাঠ করা যায়।

এভাবে সালাত আদায় করার কারণ জিজ্ঞেস করায় তিনি বলেন, এ সূরায় রহমানের গুণাবলী রয়েছে। ইবনুত্‌ তীন বলেন, এর অর্থ হলো এর মধ্যে আল্লাহর অনেক নাম এবং গুণাবলী রয়েছে। তার নামগুলো তার সিফাত থেকেই মুশতাক হয়েছে।

কেউ কেউ বলেছেন, লোকটি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এ বিষয়ে কিছু শুনে তার উপর ভিত্তি করেই হয়তো এ কথা বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56689

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন